



শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার(লেভেল ৮)

৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা- ১০০০।

www.pallisanchaybank.gov.bd

নং- পসব্য/প্রকা/পরি-৯/২০১৭-১৮/২০২৬

এপ্রিল ১২, ২০১৮

উপজেলা সমন্বয়কারী

একটি বাড়ি একটি খামার প্রকল্প

ও

শাখা ব্যবস্থাপক (সাময়িক দায়িত্বে)

পল্লী সঞ্চয় ব্যাংক

সকল শাখা

অতীব জরুরী

প্রিয় মহোদয়

বিষয় : ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ বিতরণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ০৫-১২-২০১৭ তারিখের ৪৭.০৩৭.০২২.০০.০০২১৮.২০১৭-২৮০ নং পত্রের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত পত্রের মাধ্যমে ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ বিতরণের জন্য নীতিমালা প্রেরণ করা হয়েছে এবং উক্ত নীতিমালা মোতাবেক শাখা কর্তৃক ঋণ মঞ্জুরপূর্বক সংশ্লিষ্ট উদ্যোক্তাদের নামে পল্লী সঞ্চয় ব্যাংকে সঞ্চয়ী হিসাব খুলে তার তালিকা প্রকল্পের প্রধান কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। সংশ্লিষ্ট শাখাসমূহে মঞ্জুরীকৃত ঋণ বিতরণের জন্য তহবিল প্রেরণের নিমিত্তে প্রকল্প হতে তালিকা প্রেরণ করা হয়েছে এবং সে মোতাবেক অত্র ব্যাংকের প্রধান কার্যালয় হতে ২৫৯টি শাখার সোনালী ব্যাংকে পরিচালিত এসএনডি হিসাবে ১৯২৯.০০ লক্ষ টাকা তহবিল প্রেরণ করা হয়েছে। উপরন্তু, প্রধান কার্যালয় হতে ১৯-০৩-১৮ তারিখে উক্ত ঋণ বিতরণের নির্দেশনা (নির্দেশনা নং-৩২) প্রেরণ করা হয়েছে।

০৩। প্রধান কার্যালয় হতে ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন ঋণ তহবিল শাখাসমূহে প্রেরণ করা হলেও অদ্যাবধি মাত্র ০৯টি শাখা উক্ত ঋণের ২৫.৫০ লক্ষ টাকা বিতরণ করতে সক্ষম হয়েছে যা অত্যন্ত হতাশাজনক। অন্যদিকে, উক্ত ঋণ বিতরণ না করার ফলে ৫% সার্ভিস চার্জ হতে ব্যাংক বঞ্চিত হচ্ছে। তদপ্রেক্ষিতে, প্রকল্প এবং ব্যাংক কর্তৃপক্ষ গভীর অসন্তোষ প্রকাশ করেছেন।

০৪। বিবৃত অবস্থায়, আগামী ১৯-০৪-২০১৮ইং তারিখের মধ্যে শাখায় প্রেরিত ক্ষুদ্র উদ্যোক্তা উন্নয়ন তহবিলের অর্থ এতদসংক্রান্ত ঋণ বিতরণ নীতিমালা যথাযথ অনুসরণ পূর্বক মঞ্জুরীকৃত উপকারভোগীদের অনুকূলে বিতরণ সম্পন্ন করে প্রধান কার্যালয় এবং একটি বাড়ী একটি খামার প্রকল্পকে অবহিত করার জন্য নির্দেশ দেয়া হ'ল।

আপনার বিশ্বস্ত

(মোঃ জসীম উদ্দীন)

মহাব্যবস্থাপক

পরিচালন ও পরিদর্শন মহাবিভাগ

মোবাইল : ০১৭১১৪৬১৮১১

gmoperation@pallisanchaybank.gov.bd

অনুলিপি সদয় অবগতির জন্য :

১. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. প্রকল্প পরিচালক, একটি বাড়ী একটি খামার প্রকল্প, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. অফিস কপি।